

# ইবির ডি ইউনিটে পাসের হার ২০

সংবাদ : প্রতিনিধি, ইবি (কুষ্টিয়া)

| ঢাকা, বুধবার, ২০ নভেম্বর ২০১৯

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১৮-১৯ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষার বিজ্ঞান, জীববিজ্ঞান ও প্রকৌশল অনুষদভুক্ত 'ডি' ইউনিটের ফল প্রকাশ করা হয়েছে। সোমবার সন্ধ্যা ৬টায় উপাচার্য অধ্যাপক ড. হারুন-উর-রশিদ আসকারীর নিকট আনুষ্ঠানিকভাবে এ ফলাফল হস্তান্তর করে ইউনিট সমন্বয়কারী অধ্যাপক ড. মোস্তফা কামাল। এবার ডি ইউনিটের পরীক্ষায় পাসের হার প্রায় ২০ শতাংশ। সংশ্লিষ্ট ইউনিট সূত্রে জানা যায়, এবার 'ডি' ইউনিটে ৫৫০টি আসনের বিপরীতে ২৩ হাজার ১শত ৫২ জন শিক্ষার্থী আবেদন করে। এর মধ্যে পরীক্ষায় উপস্থিত ছিলেন ১৯ হাজার ৬১৩ জন। পরীক্ষায় শতকরা পাসের হার প্রায় ২০ শতাংশ। উপাচার্যের নিকট ফলাফল হস্তান্তরের সময় ইউনিট সমন্বয়কারী ছাড়াও উপস্থিত ছিলেন অধ্যাপক ড. তপন কুমার জোদার, অধ্যাপক ড. মাহবুবুর রহমান, প্রক্টর ও ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. পরেশ চন্দ্র বর্মণ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এস.এম আব্দুল লতিফ ও সহযোগী অধ্যাপক সাজ্জাদ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন। ভর্তি পরীক্ষার ফলাফল সংক্রান্ত

যাবতীয় বিস্তারিত তথ্য বিশ্বাবদ্যালয়ের  
ওয়েবসাইট (www.iu.ac.bd)) থেকে পাওয়া যাবে।